গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৩৪/২০১৭-১৮

ঢাকা, বুধবার ১০ জানুয়ারি ২০১৮, ২৭ পৌষ ১৪২৪

১। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

২। একনেকে ১৩ প্রকল্প অনুমোদন

৩। মানবদেহের অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন বিল সংসদে পাস

৪। রাজনীতির নামে নৃশংসতা কঠোরহস্তে দমন করতে হবে : পুলিশসদস্যদের প্রতি প্রধানমন্ত্রী

৫। ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে উপনির্বাচনের তফসিল ঘোষণা

৬। শীতার্তদের সহায়তায় ২৮ লাখ কম্বল বিতরণ

৭। ফেব্রুয়ারি থেকে পেনশন অনলাইনে পাওয়া যাবে

৮। স্পিকারের সাথে লন্ডনের টাওয়ার হ্যামলেটসের স্পিকারের সাক্ষাৎ

৯। সচেতনতার মাধ্যমে সড়ক দুর্ঘটনা কমানো সম্ভব : অর্থমন্ত্রী

১০। সামাজিক নিরাপত্তা প্রকল্পে বাড়তি অর্থ দিচ্ছে বিশ্বব্যাংক

১১। নারী নির্যাতনের অভিযোগে ডিআইজি মিজানকে প্রত্যাহার

চলমানপাতা/২

১। **বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ**

ঐতিহাসিক ১০ জানুয়ারি আজ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। ১৯৭২ সালের এ দিনে পাকিস্তানে দীর্ঘ কারাবাস শেষে সদ্যস্বাধীন বাংলাদেশে ফিরে আসেন স্বাধীনতার মহান স্থপতি ও বাঙালির অবিসংবাদিত এ নেতা। বাঙালি জাতির মুক্তি সংগ্রামের ইতিহাসে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের ঘটনা বিশেষ তাৎপর্যপূর্ণ। ১৯৭১ সালে নয় মাসের সশস্ত্র ও রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে দেশ স্বাধীন হলেও প্রকৃতপক্ষে বঙ্গবন্ধুর দেশে ফিরে আসার মধ্য দিয়েই বাঙালির বিজয় পূর্ণতা লাভ করে। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী দিয়েছেন। পৃথক বাণীতে এ মহান নেতার অম্লান স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান তাঁরা। দিবসটি উপলক্ষে প্রধানমন্ত্রী আজ সকালে ধানমণ্ডিতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **একনেকে ১৩ প্রকল্প অনুমোদন**

নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণসহ অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) মোট ১৩টি প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দিয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ১২ হাজার ৪১৫ কোটি ৭৯ লাখ টাকা। এর মধ্যে বাংলাদেশ সরকার অর্থায়ন করবে ১১ হাজার ৮২২ কোটি ৯২ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য হিসেবে পাওয়া যাবে ৫৯২ কোটি ৯৭ লাখ টাকা। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এসব প্রকল্প অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

৩। **মানবদেহের অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন বিল সংসদে পাস**

মানবদেহের অঙ্গ-প্রত্যঙ্গ দান ও গ্রহণের পরিধি বাড়িয়ে এবং আত্মীয়ের সংজ্ঞা সুনির্দিষ্ট করে জাতীয় সংসদে একটি বিল কণ্ঠভোটে পাস হয়েছে। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) 'মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন (সংশোধন) বিল, ২০১৭' শীর্ষক এ বিল পাসের প্রস্তাব করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। বিল পাসের আগে এর ওপর দেওয়া জনমত যাচাই-বাছাই কমিটিতে পাঠানো এবং সংশোধনী প্রস্তাবগুলো নিষ্পত্তি করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

৪। **রাজনীতির নামে নৃশংসতা কঠোরহস্তে দমন করতে হবে : পুলিশসদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, এ ধরনের ধ্বংসাত্মক কর্মকাণ্ডকে কঠোরহস্তে দমন করা হবে। তিনি বলেন, 'আগুনে পুড়িয়ে মানুষ হত্যা, সন্ত্রাস, ভাঙচুর কোনো রাজনৈতিক কর্মসূচি হতে পারে না। আমরা কখনই এ ধরনের কাজ বরদাশ্‌ত করবো না।' এ সময় এ ধরনের ধ্বংসাত্মক কার্যকলাপের বিরুদ্ধে সদা সতর্ক থাকতে পুলিশসদস্যদের প্রতি নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী দৃঢ় কণ্ঠে বলেন, 'রাজনীতির নামে এ ধরনের জঘন্য নৃশংস কাজ যারা করবে তাদের কঠোরহস্তে দমন করতে হবে। মানুষের জান-মালের নিরাপত্তা দিতে হবে।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় পুলিশ সপ্তাহ ২০১৮ উপলক্ষে তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে দেওয়া ভাষণে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

৫। ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে উপনির্বাচনের তফসিল ঘোষণা

আগামী ২৬ ফেব্রুয়ারি ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র উপনির্বাচন অনুষ্ঠিত হবে। একই দিনে ঢাকা উত্তর সিটি করপোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে (ডিএসসিসি) অন্তর্ভুক্ত ৩৬টি নতুন ওয়ার্ড ও ১২টি সংরক্ষিত মহিলা ওয়ার্ডে কাউন্সিলর ভোট অনুষ্ঠিত হবে। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের মিডিয়া রুমে এক প্রেস ব্রিফিংয়ে প্রধান নির্বাচন কমিশনার কেএম নূরুল হুদা এ নির্বাচনের তফসিল ঘোষণা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

৬। শীতার্তদের সহায়তায় ২৮ লাখ কম্বল বিতরণ

সারাদেশে চলমান শৈত্যপ্রবাহে শীতার্ত মানুষের সাহায্যে পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। ইতোমধ্যে সরকারের পক্ষ থেকে শীতার্ত মানুষের জন্য ২০ জেলায় ২৮ লাখ ১০ হাজার কম্বল বিতরণ করা হয়েছে। এছাড়া শীতার্ত মানুষের জন্য ৮০ হাজার প্যাকেট শুকনো খাবার সরবরাহ করা হয়েছে। পাশাপাশি বিতরণ নিশ্চিত করতে মন্ত্রণালয়, অধিদফতর এবং জেলায় জেলায় কন্ট্রোল রুম খোলা ও ২০ জেলায় ২০ জন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে জানান তিনি। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৭। ফেব্রুয়ারি থেকে পেনশন অনলাইনে পাওয়া যাবে

অবসরে যাওয়া সরকারি চাকরিজীবীদের পেনশনের অর্থ ইএফটি'র (ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার) মাধ্যমে সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে সরকার। আগামী মাস থেকে পরীক্ষামূলকভাবে এ কার্যক্রম চালু করা হবে। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) অর্থ মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১)।

৮। স্পিকারের সাথে লন্ডনের টাওয়ার হ্যামলেটসের স্পিকারের সাক্ষাৎ

লন্ডনের টাওয়ার হ্যামলেটসের স্পিকার সাবিনা আখতার বলপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের পাশে দাঁড়ানোয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করে রোহিঙ্গাদের শান্তিপূর্ণ স্থায়ী প্রত্যাবর্তনে টাওয়ার হ্যামলেটসের পূর্ণ সমর্থন ব্যক্ত করেছেন। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাতে সাবিনা আখতার এ সমর্থনের কথা জানান। সাক্ষাতকালে তারা রোহিঙ্গা ইস্যু, বাংলাদেশের উন্নয়ন, বাংলাদেশ বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিকদের সাফল্য নিয়ে আলোচনা করেন। ড. শিরিন শারমিন চৌধুরী টাওয়ার হ্যামলেটসের প্রথম নারী স্পিকার নির্বাচিত হওয়ায় সাবিনা আখতারকে অভিনন্দন জানান। তিনি বলেন, টাওয়ার হ্যামলেটসের স্পিকার বাংলাদেশ বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক হওয়ায় ব্রিটেনে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

৯। সচেতনতার মাধ্যমে সড়ক দুর্ঘটনা কমানো সম্ভব : অর্থমন্ত্রী

সচেতনতার মাধ্যমে সড়ক দুর্ঘটনা কমানো সম্ভব বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবের কনফারেন্স লাউঞ্জে 'নিরাপদ সড়ক চাই' (নিসচা) এর ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা ও সড়ক দুর্ঘটনায় পঙ্গুদের মাঝে কৃত্রিম পা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

১০। সামাজিক নিরাপত্তা প্রকল্পে বাড়তি অর্থ দিচ্ছে বিশ্বব্যাংক

সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলো যাতে সমতা ও স্বচ্ছতার সঙ্গে কার্যকরভাবে পরিচালিত হয়, সেজন্য চলমান একটি প্রকল্পে সরকারকে ২৪ কোটি ৫০ লাখ মার্কিন ডলার অতিরিক্ত ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ২ হাজার কোটি টাকা। ইতোমধ্যে এ ঋণ অনুমোদন করেছে সংস্থাটি। প্রকল্পটির মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধাভোগী চিহ্নিত করা, তথ্য ব্যবস্থাপনা ও সুবিধা পৌঁছে দেওয়ার ব্যবস্থা উন্নত করা হবে। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে এ বিষয়ে সরকারের সঙ্গে বিশ্বব্যাংকের ঋণচুক্তি হয়। সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব কাজী শফিকুল আযম ও বিশ্বব্যাংকের পক্ষে কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

১১। নারী নির্যাতনের অভিযোগে ডিআইজি মিজানকে প্রত্যাহার

এক নারীকে নির্যাতনের অভিযোগে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার মিজানুর রহমানকে প্রত্যাহার করা হয়েছে। তাকে পুলিশ সদরদফতরে সংযুক্ত করা হয়েছে। মিজানের বিরুদ্ধে ওঠা অভিযোগের সুষ্ঠু তদন্তের স্বার্থে তাকে প্রত্যাহার করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (৯ জানুয়ারি মঙ্গলবার) রাজারবাগ পুলিশ লাইনস বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনশেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নারায়ণগঞ্জের রূপগঞ্জে মন্দিরে হামলা ও প্রতিমা ভাংচুরের ঘটনায় নিন্দা জানিয়ে এ ধরনের ঘটনার জন্য দায়ী দুর্বৃত্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **জনকণ্ঠ :** রাজধানীতে বসবাসকারী নাগরিকদের প্লট বরাদ্দ কার্যক্রম বন্ধ করে দিয়ে প্রায় ৮৫ হাজার ফ্ল্যাট তৈরির সরকারি ঘোষণার কথা উল্লেখ করে এ জনবান্ধবনীতি প্রশংসার যোগ্য বলে মতপ্রকাশ।

গ. **সমকাল :** অবৈধ পথে পাচার ঠেকাতে সরকার সীমিত মাত্রায় ইলিশ রফতানির সুযোগ দেওয়ার কথা উল্লেখ করে ইলিশ ধরার নিষিদ্ধ মৌসুমে জেলেদের সহায়তা ও জাটকা নিধন বন্ধে আরও দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **ইনকিলাব, যুগান্তর, প্রথম আলো, সমকাল, ভোরের কাগজ, ডেইলি সান :** দেশব্যাপী বয়ে যাওয়া তীব্র শৈত্যপ্রবাহে জজরিত শীতার্ত মানুষের পাশে সবাইকে দাঁড়ানোর আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** চাল আমদানিতে প্লাস্টিকের ব্যাগের পরিবর্তে পাটের ব্যাগ ব্যবহারে বাধ্যবাধকতা এক জানুয়ারি থেকে কার্যকরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার, নিউ এজ, যায়যায়দিন :** বাংলাদেশ শিশু অধিকার ফোরাম প্রকাশিত প্রতিমাসে সংঘটিত শিশু নির্যাতনের রিপোর্ট তুলে ধরে এ বিষয়ে আইনি হস্তক্ষেপ জোরদারের আহ্বান।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** রাজধানীর সড়কে সব ধরনের র‍্যালি ও সমাবেশ বন্ধ করার আহ্বান।

জ. **অবজারভার :** রাজধানীর শব্দ ও বায়ু দূষণ প্রতিরোধে সরকারি, অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সমন্বিত হস্তক্ষেপের প্রত্যাশা।

ঝ. **এশিয়ান এজ, ইন্ডিপেনডেন্ট, ইত্তেফাক :** ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসের তাৎপর্য তুলে ধরে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত কলামে বলা হয়েছে, পদ্মা সেতু সম্পন্ন হলে মানুষের দুর্ভোগের অবসান ঘটবে, দক্ষিণের অর্থনীতির দুয়ারও খুলবে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'গুণগত প্রাথমিক শিক্ষা ও শিক্ষক শিক্ষণ'** শিরোনামের নিবন্ধে গুণগত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের মধ্য দিয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা